অপু বিশ্বাসের বাসায় শাকিবের ডিভোর্স লেটার

নিউজবিডি৭১ডটকম
ঢাকা : অপু বিশ্বাসের বাসায় শাকিব খান ডিভোর্স লেটার পাঠিয়েছেন। ভাঙনের সুর অনেক আগেই বেজে উঠেছিল। কিন্তু সেই সুর এবার অফিসিয়ালি রুপ পেলো। শাকিব খান গত ৩০ নভেম্বর অপু বিশ্বাসের নিকেতনের বাসার ঠিকানায় চিঠি পাঠিয়েছেন। এরপর তিনি নোলক ছবির শুটিং এ ভারতের হায়দরাবাদে চলে যান।

ডিভোর্সের চিঠি অপুর বাসায় বারবার গিয়ে ঘুরে এসেছে বলে জানা গেছে। অপু চিঠি গ্রহণ করেন নি। বাসার দারোয়ানও চিঠি গ্রহণ করতে সম্মত হননি। বিষয়টি জানার জন্য অপু বিশ্বাসের কাছের কেউই তার সাথে যোগাযোগ করতে পারছেন না। এতোদিন যে গণমাধ্যম কর্মীদের অপু বলতেন আপনারাই সব, তাদের নিকট দেয়া নম্বরও বন্ধ রেখেছেন অপু বিশ্বাস।

জানা গেছে, গত ৩০ নভেম্বর ভারতের হায়দরাবাদের যাওয়ার আগে ডিভোর্স পেপারে সাক্ষর করে গেছেন শাকিব খান।
এ ডিভোর্সের আইনজীবী সুপ্রিম কোর্টের শেখ সিরাজুল ইসলাম সিরাজ।

তারকা দম্পতি শাকিব-অপুর গোপন বিয়ের খবর জানাজানি হয় চলতি বছর ১০ এপ্রিল। এরপর থেকে চলচ্চিত্র পাড়ায় গুঞ্জন ছিল শাকিব-অপুর সংসার নাকি টিকবে না!

শাকিব-অপু গোপনে বিয়ে করেন ২০০৮ সালের ১৮ এপ্রিল। বিয়ের ৮ বছরের মাথায় তাদের কোল জুড়ে আসে এক পুত্রসন্তান। তার নাম আব্রাহাম খান জয়। ২০১৬ সালের ২৭ সেপ্টেম্বর কলকাতার একটি ক্লিনিকে সিজারের মাধ্যমে জয়ের জন্ম হয়।

নিউজবিডি৭১/আর/৪ ডিসেম্বর , ২০১৭